"উন্নয়নের ভ্যাট নীতি
ভ্যাট দিয়ে গড়ব জাতি"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,
কাকরাইল, ঢাকা- ১০০০।
[Web:www.cevdsc.gov.bd]
[E-mail:cevdhksouth@yahoo.com]

রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

নথি নং- ৪(৬)১৭-মূ: নী:/ আনোয়ারা ফ্যাশনস লি:/মূসক-অব্যাহতি/২০২৩/ তারিখ: /০৩/২০২৫ খ্রি.

**বিষয়: আনোয়ারা ফ্যাশনস লিঃ (বিআইএন-০০০২৯১০৫১-০২০৪) নামীয় প্রতিষ্ঠানটির মূসক অব্যাহতিপ্রাপ্ত গ্যাস মিটার বিকল হওয়ায় সংশোধিত মূসক অব্যাহতির আদেশ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১. প্রতিষ্ঠানের আবেদনপত্র নং-নাই, তারিখ: ০৫/১১/২০২৩ খ্রি.।
২. এ দপ্তরের সমনথির পত্র ইস্যু নং-৯৭৪, তারিখ: ১৯/১১/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আনোয়ারা ফ্যাশনস লিঃ (বিআইএন-০০০২৯১০৫১-০২০৪), ৩৫/এ হাজিগঞ্জ, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ-১৪০০ নামীয় প্রতিষ্ঠানটির গ্যাস মিটার নং- ৩৪০০৪৯৭৬৮১ (গ্রাহক সংকেত নং- ২-০৬-০০১০৫১-০০-৩৩-৩), বিদ্যুৎ মিটার নং- ৫৮৪৪১ (গ্রাহক সংকেত নং-২৪২৭৩৬৮৮) এবং বিদ্যুৎ মিটার নং-১১২৬৭ (গ্রাহক সংকেত নং-২৪৩৮৭৮৭৭) এর বিলের উপর মূসক অব্যাহতি জন্য সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

০৩। গঠিত কমিটির সদস্যগণ উল্লিখিত প্রতিষ্ঠানে সরেজমিন পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেছেন। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর. ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫/মূসক, তারিখ: ১৩/০৪/২০১৯ খ্রি. ও জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী গ্যাস ও বিদ্যুৎ মিটার নং উল্লেখ করে মূসক অব্যাহতির আদেশ প্রদান করা যেতে পারে মর্মে প্রতিবেদনে মতামত/সুপারিশ প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, আলোচ্য এস.আর.ও. এবং সাধারণ আদেশ অনুযায়ী আনোয়ারা ফ্যাশনস লিঃ (বিআইএন-০০০২৯১০৫১-০২০৪), ৩৫/এ হাজিগঞ্জ, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ-১৪০০ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | গ্যাস | ৩৪০০৪৯৭৬৮১ | ২-০৬-০০১০৫১-০০-৩৩-৩ | ১০০% |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | DHK ৫৮৪৪১ | ২৪২৭৩৬৮৮ | ১০০% |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | DHK ১১২৬৭ | ২৪৩৮৭৮৭৭ | ১০০% |

০৫। শর্তসমূহ:

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতিমাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তাং- ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা এ আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তিত থাকা পর্যন্ত বলবৎ থাকবে।

চ. টেবিলে বর্ণিত গ্যাস মিটার কোন কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

স্বা:/-

[ মোহাম্মদ ফাইজুর রহমান ]
কমিশনার
ফোনঃ ০২-৫৮৩১৫৯৬৪

নথি নং- ৪(৬)১৭-মূ: নী:/ আনোয়ারা ফ্যাশনস লি:/মূসক-অব্যাহতি/২০২৩/৭২ (১-১০) তারিখ: ০৫/০৩/২০২৫ খ্রি.

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রর্ত্যপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।

৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ বিভাগ (অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-গ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো)

৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

৬। ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, জোনাল বিপণন কার্যালয়, ফতুল্লা ৩৬, চাষাড়া বালুর মাঠ, নারায়ণগঞ্জ।

৭। নির্বাহী প্রকৌশলী, নেটওয়ার্ক অপারেশন ও কাস্টমার সার্ভিস, নারায়ণগঞ্জ ~~পশ্চিম~~ (পূর্ব), ডিপিডিসি, নারায়ণগঞ্জ।

৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ সার্কেল, নারায়ণগঞ্জ (তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-খ অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো)।

১০। ব্যবস্থাপনা পরিচালক, আনোয়ারা ফ্যাশনস লিঃ (বিআইএন-০০০২৯১০৫১-০২০৪), ৩৫/এ হাজিগঞ্জ, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ-১৪০০।

05.03.25

[ সাদিয়া আফরোজ ]
যুগ্ম কমিশনার